প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা

মডেল টেষ্ট

বিষয় ঃ বাংলা

সময়ঃ ২.৩০ ঘন্টা   পূর্ণমান ঃ ১০০

(দ্রষ্টব্যঃ ডান পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক)

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১, ২, ৩, ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :

পানি, মাটি, বায়ু ছাড়াও আরও এক ধরনের দূষণ আজ মানুষকে ভয়ঙ্কর বিপর্যয়ের মুখোমুখি এনে দাঁড় করিয়েছে তা হলো শব্দদূষণ। শব্দদূষণের ক্ষতি ধীরে ধীরে এবং অপ্রত্যক্ষভাবে ঘটে। শব্দ দূষণ শুধু শ্রবণ শক্তিকেই দুর্বল করে না, মানুষের স্বাস্থ্যেরও প্রভূত ক্ষতি করে। মাথাধরা, ক্লান্তি, অনিদ্রা, খিদের অভাবে, বমির উদ্রেক এগুলোর অন্যতম কারণ শব্দদূষণ। মারাত্মক শব্দ শরীর ও মনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। শব্দ বিবর্ধক যন্ত্রের ব্যবহার, বোমা, পটকা ফুটানো, প্রবল শব্দ সৃষ্টিকারী যন্ত্রপাতির ব্যবহার, মিছিল মিটিংয়ে হঠাৎ হঠাৎ চিৎকার, মাইকে উচ্চেস্বরে গান, উৎসব অনুষ্ঠানে বাদ্যযন্ত্রের উৎকট ব্যবহার ইত্যাদি শব্দ দূষণের প্রধান কারণ। অত্যন্ত কোলাহলেও শব্দ দূষণ ঘটে।

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫ = ৫

১) উপরের অনুচ্ছেদটি মূলত যে বিষয়ের ওপর লেখা তা হলো-

ক) বায়ু দূষণ   খ) শব্দ দূষণ   গ) পানি দূষণ   ঘ) মিডিয়া

২) মারাত্মক শব্দ শরীর ও মনে কোন ধরনের প্রভাব ফেলে?

ক) বিরূপ   খ) স্বরূপ   গ) জমকালো   ঘ) উজ্জ্বল

৩) শব্দ দূষণ শ্রবণশক্তিকে-

ক) দুর্বল করে   খ) বৃদ্ধি করে   গ) নষ্ট করে   ঘ) বিঘ্ন করে

৪) অপ্রত্যক্ষ শব্দের 'ক্ষ' যুক্তবর্ণটিতে রয়েছে-

ক) ক+খ   খ) ক+ষ   গ) ক+স   ঘ) ক+ম

৫) কোনটি শব্দদূষণের ফলে ঘটে?

ক) শ্রবণশক্তি দুর্বল হওয়া   খ) দ্রুত খিদে পাওয়া

গ) চলাচলে বিঘ্ন ঘটা   ঘ) পর্যাপ্ত ধোঁয়ার সৃষ্টি

dhaka-jobs.com

২। নিচে কয়েকটি শব্দ ও শব্দার্থ দেওয়া হলো। উপযুক্ত শব্দটি দিয়ে নিচের বাক্যগুলো সম্পূর্ন কর। ১×৫ = ৫

শব্দ	শব্দার্থ
বিরূপ	খারাপ
উচ্চৈঃস্বরে	উচ্চশব্দে
প্রভূত	প্রচুর/অনেক
উৎকট	উগ্র/ভয়ানক
ভয়ঙ্কর	বিপজ্জনক
উৎসব	আনন্দ আয়োজন

(ক) শব্দ দূষণ খুবই ....!
(খ) শব্দদূষণে .... ক্ষতি হয়।
(গ) শহরে শব্দ দূষণ পরিবেশ .... প্রভাব ফেলে।
(ঘ)......... কথা বলাও এক ধরনের শব্দ দূষণ।
(ঙ) শহরে বাদ্যযন্ত্রের .... ব্যবহার হয়ে থাকে।

৩। নিচের যুক্তবর্ণগুলো বিভাজন করে একটি করে শব্দ লেখ। ১×৫ = ৫

ব্দ, ষ্ণ, স্থ, ষ্ট, ম্ম

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ৫×৩ = ১৫

(ক) শব্দ দূষণ কেন হয় ? এর পাঁচটি কারণ লেখ।
(খ) শব্দদূষণের ক্ষতিকারক দিকগুলো পাঁচটি বাক্যে লেখ।
(গ) 'শব্দ দূষণ মানুষকে ভয়ঙ্কর বিপর্যয়ের মুখোমুখি দাঁড় করিয়েছে'- বুঝিয়ে লেখ।

৫। ধর, তোমার নাম তুহিন। তোমার বন্ধু কিরণ রাজশাহী বাস করে। পরিবেশ দূষনের ভয়াবহতা জানিয়ে তোমার বন্ধুকে পত্র লেখ। ৫

নিচের অনুচ্ছেদটি পড়ে ৬, ৭, ৮ ও ৯ নং ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ:

দেশকে তাই যতটা পারা যায়, কাছে থেকে দেখতে হবে। দেশ মানে এর মানুষ, জনপদ, নদী, আকাশ, প্রান্তর, পাহাড়, সমুদ্র এইসব। দেশ হলো আসলে জননীর মতো। মা যেমন স্নেহ,মমতা ভালোবাসা দিয়ে আমাদের আগলে রাখেন, দেশও তেমনই তার আলো বাতাস সম্পদ দিয়ে আমাদের বাঁচিয়ে রেখেছে। মা'কে আমরা যেমন ভালোবাসি, দেশকেও তেমনই ভালোবাসতে হবে। দেশকে ভালোবাসার মধ্য দিয়েই সার্থক হয়ে উঠবে আমাদের জীবন।

৬। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫ = ৫

১) এদেশকে কিভাবে দেখা দরকার ?-
ক) শুনে শুনে খ) কাছে থেকে গ) বইপড়ে ঘ) টেলিভিশন থেকে

২) আমরা কোন দেশের বাঙালি ?
ক) বাংলাদেশের খ) পশ্চিমবঙ্গের গ) আসামের ঘ) মুর্শিদাবাদের

৩) বাংলাদেশের জনজীবন বাঙালি ?
ক) নিরস খ) বৈচিত্র্যময় গ) বৈচিত্রহীন ঘ) একঘেয়ে

৪) দেশ কিসের মতো ?
ক) পিতার মতো খ) জননীর মতো গ) বোনের মতো ঘ) ভাইয়ের মতো

৫) দেশকে কেন ভালোবাসতে হবে ?
ক) কেননা দেশ আমাদের বাঁচিয়ে রাখে খ) কেননা দেশে আমরা জন্মেছি
গ) দেশে পূর্বপুরুষরা জন্মেছে ঘ) কেননা দেশটি খুব সুন্দর

dhakaeducationboard.com

৭। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর লেখ : ১+২+২ = ৫

(ক) বাংলাদেশের গৌরব কিসে ?

(খ) 'দেশে আসলে জননীর মতো' বলতে কী বুঝানো হয়েছে ?

(গ) বাংলাদেশের বিভিন্ন ধর্মের উৎসবগুলোর নাম কী ?

৮। প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ : ১×৫ = ৫

জনপদ, সীমান্ত, জননী, প্রান্তর, সার্থক।

৯। প্রদত্ত অনুচ্ছেদটির সারাংশ লেখ। ৫

১০। নিচের বাক্য গুলোর প্রদত্ত ভুল শব্দটি শুদ্ধ করে বাক্যটি খাতায় লেখ: ১×৫ = ৫

(ক) মুসলমানদের দুটে ইদ রয়েছে।

(খ) মুক্তিযোদ্ধারা রনক্ষেত্র ছেড়ে পালিয়ে যায়নি।

(গ) ভাল কাজ করার জন্য সংকলপ্ দরকার।

(ঘ) রাজপুত্র বন্দুকে ভুলে যায়।

(ঙ) আধার আকাশে তারারা মিটিমিটি করে চায়।

অথবা, কোনটি কোন্ পদ তা লেখ : ১×৫ = ৫

ভয়ানক, এবং, কী, ফুটবল, ভালোবাসি।

১১। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ। ৫

শাঁ শাঁ করে গাড়ি ছুটতে লাগল কারণ ও সব দেশে ধীরে ধীরে কেউ গাড়ি চালায় না রাস্তাও মোটেই আঁকাবাঁকা থাকে না রেল লাইনের মতো সোজা ফলে দ্রুত গতিতে গাড়ি চালানো সম্ভব হয়

১২। এক কথায় প্রকাশ কর: ১×৫ = ৫

নদী বা সাগরের ঢেউ, যা লোপ পেয়েছে , সাধনা করেন যিনি, শারীরিক পরিশ্রম করে যারা, দিবসে শেষ ভাগ ।

অথবা, ক্রিয়াপদগুলোর চলিত রূপ লেখ : ১×৫ = ৫

ক) ছাত্ররা রাজ পথে নামিল।

খ) কিন্তু আন্দোলন থামিল না।

গ) গাড়ির পেছনে বসিলাম।

ঘ) সবার সাথে কাঁকনমালা খারাপ আচরণ করিত।

ঙ) মেঘ উড়িতেছে আকাশে।

১৩। প্রদত্ত শব্দগুলোর একটি করে সমার্থক শব্দ লেখ : ১×৫ = ৫

ছেরে, পাথর, রাত, মরাল, শির।

অথবা, নিচের দাগ দেওয়া শব্দগুলোর বিপরীত শব্দ লেখ। ১×৫ = ৫

ক) কণা খুব শান্ত মেয়ে।

খ) ছেলেটির স্বভাব খুব খারাপ।

গ) সবাই তাকে জ্ঞানী ভাবে।

ঘ) নেতাজি ছিলেন অত্যন্ত কোমল হৃদয়ের অধিকারী।

ঙ) আমি তার কাজের নিন্দা করি।

dhakajobs.com

১৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। ৬ + ১ + ১ + ২ = ১০

গাছে ডাকে শত পাখি সারা দিনভর।
নিশিরাতে কুকুরের দল ডাকে জোরে।
গান শুনি ঘুঘু আর টুনটুনির।
দোয়েল চড়ুই মিলে কিচির মিচির
মোরগের ডাক শুনি প্রতিদিন ভোরে
গরু ডাকে হাঁস ডাকে ডাকে কবুতর

(ক) কবিতার লাইনগুলো পর পর সাজিয়ে লেখ।
(খ) কবিতার অংশটুকু কোন কবিতার অংশ তা লেখ।
(গ) কবিতাটির কবির নাম কী?
(ঘ) শহরে ঘুমানোর অসুবিধা কেন ?

১৫। ধর, তোমার নাম বুমি, পিতার নাম মোঃ গোলাম মোস্তফা। তুমি, আন্তঃ প্রাথমিক বিদ্যালয় বিতর্ক ও সাংস্কৃতিক প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে চাও। নিচের ফরমটি পূরণ কর : ২

ক) শিক্ষার্থীর নাম : ....
খ) পিতার নাম : ....
গ) বিদ্যালয়ের নাম : ....
ঘ) শ্রেণি : ....
ঙ) বর্তমান ঠিকানা : ....
গ্রাম/সড়ক নং : ....
ডাকঘর/মহল্লা : ....
উপজেলা : ....
জেলা : ....
চ) যে সব প্রতিযোগিতায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক :
ক) ....
খ) ....

স্বাক্ষর

১৬। যে - কোন একটি বিষয় অবলম্বনে রচনা লিখ (২০০ শব্দের মধ্যে) : ১০

ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস : [সংকেতঃ সূচনা, একুশের ইতিহাস, স্বীকৃতি, জাতীয় চেতনায় একুশ, শেষকথা
খ) মহাস্থানগড় : [ভূমিকা, অবস্থান, মহাস্থানগড়ের ইতিহাস, প্রত্নতাত্ত্বিক নিদর্শন, উপসংহার]
গ) আমার প্রিয় খেলা : [ভূমিকা, পছন্দের কারণ, খেলার বিভিন্ন দিক, খেলার পদ্ধতি, উপসংহার]
ঘ) সুন্দর বনের প্রাণী : [ভূমিকা, প্রয়োজনীয়তা, পরিবেশের ভারসাম্য রক্ষা, বাঘ রক্ষার প্রয়োজনীয় পদক্ষেপ, উপসংহার]

[দ্রষ্টব্য : প্রদত্ত উপশিরোনাম ছাড়াও পরীক্ষার্থী অন্য এক বা একাধিক উপশিরোনাম ব্যবহার করতে পারবে।]

dhaka-jobs.com